



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এমপিও শাখা
এফ-৪/বি, আগারগাঁও, প্র/এ
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৫।
ওয়েব সাইট: www.techedu.gov.bd



স্মারক নং-৫৭.০৩.০০০০.০০০.০২৮.২০.০০১.২৫-৪৬৪

তারিখঃ ২২/০৯/২০২৬ খ্রিঃ

বিষয়: বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত এমপিওভুক্ত শিক্ষকদের স্বয়ংক্রিয় সফটওয়্যার (MPO-TTS) এর মাধ্যমে বর্ষিত সময়ের মধ্যে শূন্যপদের তথ্য হালনাগাদ সংক্রান্ত।

সূত্রঃ ১। কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০০০.০২৮.২০.০০১.২৫-৪৪৭ তারিখঃ ০৬/০৯/২০২৬ খ্রিঃ
সূত্রঃ ২। কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০০০.০২৮.২০.০০১.২৫-৪৫২ তারিখঃ ১৩/০৯/২০২৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এমপিওভুক্ত শিক্ষকদের বদলির জন্য MPO-TTS সফটওয়্যারে লগইন করে প্রতিষ্ঠান পর্যায় থেকে নীতিমালা অনুযায়ী শূন্য পদের তথ্য এন্ট্রি করার জন্য সূত্রোক্ত ১ নং স্মারক অনুযায়ী অনুরোধ করা হয়। পরবর্তীতে ১৭/০৯/২০২৬ তারিখ পর্যন্ত সময় বৃদ্ধি করে ২ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। এক্ষণে লক্ষ্য করা যাচ্ছে যে, সময়সীমা বৃদ্ধির পরেও অনেক প্রতিষ্ঠান শূন্য পদের তথ্য হালনাগাদ করতে ব্যর্থ হয়েছে। শূন্য পদের তথ্য হালনাগাদে ব্যর্থ প্রতিষ্ঠান পরবর্তীতে আর এ সকল শূন্য পদে নিয়োগ দানের জন্য কোন ভাবেই অধিযাচন অথবা চাহিদা দিতে পারবে না। সেক্ষেত্রে প্রতিষ্ঠানে শিক্ষকদের পদ শূন্য থাকার দায়ভার প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।

এমতাবস্থায়, আগামী ২৭/০৯/২০২৬খ্রি. বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে প্রতিষ্ঠানের ই-মেইল ব্যবহার করে লগইন করত: শূন্য পদের তালিকা হালনাগাদ করার জন্য এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানকে(যাদের জন্য প্রযোজ্য) নির্দেশনা প্রদান করা হলো। উল্লেখ্য যে শূন্য পদের তথ্য হালনাগাদে ব্যর্থ প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

বি. দ্র.: MPO-TTS সফটওয়্যার সংক্রান্ত সমস্যা সমাধানের জন্য হোয়াটস অ্যাপ নম্বর: ০১৪০৯৯৭২৮০৮ চালু আছে। যেকোন সমস্যা জানিয়ে প্রয়োজনে হোয়াটস অ্যাপ নম্বরে শুধু মাত্র মেসেজ প্রেরণ করতে পারবেন অথবা সফটওয়্যার এর complain সেকশনে গিয়ে সমস্যটি জানাতে পারবেন।

স্বাক্ষরিত/-

(মো: সাইফুল হক খান)

সহকারী পরিচালক-১১

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান (সকল বেসরকারি এমপিওভুক্ত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান)।

স্মারক নং-৫৭.০৩.০০০০.০০০.০২৮.২০.০০১.২৫-৪৬৪(৬)

তারিখঃ ২২/০৯/২০২৬ খ্রিঃ

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১. পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (সকল), আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৩. উপপরিচালক (এমপিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সংরক্ষণ নথি।

২২/০৯/২৬

(মো: সাইফুল হক খান)

সহকারী পরিচালক-১১

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।